দৈনিক বাংলা 7/12/81



# বিভিন্নস্থানে খাল খনন কাজ এগিয়ে চলেছে

খাল খনন পুনর্খনন কর্মসূচীর তৃতীয় পর্যায়ে চলতি মওসুমে ৪টি এলাকায় ১৩টি খাল খননের কাজ শুরু হওয়ার খবর পাওয়া গেছে। এসব খালের মোট দৈর্ঘ্য হচ্ছে ৫০ মাইলের মত।

চাঁদপুর থেকে আমাদের সংবাদদাতা জানিয়েছেন খাল খনন কর্মসূচীর তৃতীয় পর্যায়ে চলতি মওসুমে চাঁদপুর মহকুমার বিভিন্ন স্থানে ৮টি খাল খননের কাজ হাতে নেয়া হয়েছে। তার মধ্যে চাঁদপুর থানায় ২টি কচুয়া থানায় ১টি ফরিদগঞ্জ থানায় ১টি এবং হাইমচর থানায় ১টি।

এসব খালের মোট দৈর্ঘ্য সাড়ে ২৬ মাইলের মত। প্রকল্পগুলোর কাজ শেষ হলে ১৮ হাজার ৮শ ১০ একর জমি সেচের আওতায় আসবে। ইতিমধ্যে হাজিগঞ্জ থানার খাল খনন কাজ শুরু হয়েছে। সবক'টি খালের খনন কাজ আগামী এপ্রিলের মধ্যে শেষ হবে বলে আশা করা যাচ্ছে।

এছাড়া চলতি মওসুমে এই মহকুমায় স্বেচ্ছা শ্রমের ভিত্তিতে খাল, বাঁধ রাস্তা ড্রেন ইত্যাদি নির্মাণ ও সংস্কারের জন্য ৩৪টি প্রকল্পের কাজ গ্রহণ করা হয়েছে।

**সিলেট**

সিলেট থেকে আমাদের প্রতিনিধি জানিয়েছেন গত ২৬শে নবেম্বর বিয়ানীবাজার থানায় লোয়াই খাল পুনঃখনন কাজের আনুষ্ঠানিক উদ্বোধনের মধ্য দিয়ে জেলায় শীতকালীন খাল খনন কর্মসূচীর সূচনা হয়েছে। উদ্বোধন করে জেলা প্রশাসক জনাব এ এইচ এম সিরাজুল হক। অনুষ্ঠানে বক্তৃদের মধ্যে ছিলেন সদর মহকুমা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক জনাব এ এইচ এম সিরাজুল হক। অনুষ্ঠানে বক্তাদের মধ্যে ছিলেন সদর মহকুমা প্রশাসক অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন) প্রমুখ।

পাঁচ মাইল দীর্ঘ এই খালটি স্বেচ্ছা শ্রমের ভিত্তিতে খনন করা হবে। এতে ৪০ লক্ষ ৯৭ হাজার ঘনফুট মাটি কাটা হবে। এতে সংশ্লিষ্ট এলাকার প্রায় দশ হাজার একর জমি সেচের আওতায় আসবে। আগামী মওসুমে এসব জমিতে এক লাখ মন অতিরিক্ত ফসল ফলানো সম্ভব হবে বলে আশা করা যাচ্ছে।

**মানিকগঞ্জ**

মানিকগঞ্জ থেকে দৈনিক বাংলার সংবাদদাতা জানিয়েছেন, গত ৮ই নবেম্বর স্থানীয় সরকার সমবায় ও পল্লী উন্নয়নমন্ত্রী ক্যাপ্টেন (অবঃ) আব্দুল হালিম চৌধুরী শিবালয় থানার উলাইল কয়রা খাল খনন উদ্বোধনের মাধ্যমে মওসুমে মানিকগঞ্জ মহকুমায় খাল খনন কর্মসূচীর সূচনা করেন। এই মহকুমায় এছাড়া আরো ৮টি খাল খননের কাজ হাতে নেয়া হয়েছে। এসব খালের মোট দৈর্ঘ্য হচ্ছে ১৩ মাইলের মত।

এসব প্রকল্পের খনন কাজ সম্পন্ন হলে মহকুমার ৭টি থানায় ৬ হাজার একর জমি সেচের আওতায় আসবে।

**পটুয়াখালী**

খালখনন ও পুনঃখননের তৃতীয় পর্যায়ে পটুয়াখালীতে যে ৩০টি খাল প্রকল্পের কাজ হাতে নেয়া হয়েছে তারমধ্যে ৩টির কাজ ইতিমধ্যে শুরু হয়েছে। এগুলো হলো বদরপুর ইউনিয়নের পটুয়াখালী বরিশাল সড়কের পার্শ্বস্থ খাল। মীর্জাগঞ্জ থানার দুয়ানীর খাল এবং বাউফল থানার কুম্ভখালী খাল।

এ তিনটি খালের মোট দৈর্ঘ্য হচ্ছে ৯ মাইল। এই খাল তিনটির খনন কাজ সম্পন্ন হলে দু'হাজার একর জমি বিশেষ সেচ সুবিধার আওতাধীনে আসবে। খবর তথ্য বিবরণীর।



কুষ্টিয়ার জেলা প্রশাসক চুয়াডাঙ্গা মহকুমার দামুড়হুদা থানার ত্রিমোহনী খালের পুনঃখনন কাজ উদ্বোধন করছেন